

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১৭০

তারিখ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৭ জুন, ২০২১

অফিস আদেশ

প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০১ এপ্রিল ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১৩৪ নং স্মারকের মাধ্যমে COVID-19 প্রতিরোধ ও ক্ষতিগ্রস্তদের মাঝে জেলা পর্যায়ে চলমান ত্রাণ কার্যক্রম সুসমর্থনের লক্ষ্যে সরকারের সিনিয়র সচিব/সচিবগণকে জেলাওয়ারি দায়িত্ব প্রদান করা হয়।

০২। কর্মকর্তাগণের অবসর/ বদলি/ নবনিযুক্তির পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত জেলাসমূহে বর্ণিত দায়িত্ব নিম্নরূপভাবে পুনর্বিন্যাস করা হলো :

ক্রমিক	কর্মকর্তার নাম	পদবী ও কর্মস্থল	দায়িত্বপ্রাপ্ত জেলা
১	জনাব মোঃ আবু বকর ছিদ্দীক	সচিব সেতু বিভাগ	বান্দরবান
২	জনাব সত্যজিত কর্মকার	চেয়ারম্যান (সচিব) বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল	নারায়ণগঞ্জ
৩	জনাব মোঃ মশিউর রহমান	চেয়ারম্যান (সচিব) ভূমি আপিল বোর্ড	রাজশাহী
৪	জনাব এ বি এম আজাদ এনডিসি	চেয়ারম্যান (সচিব) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন	টাঙ্গাইল

০৩। দায়িত্বপ্রাপ্ত সচিবগণ সমন্বয় কাজে তাঁর মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার উপযুক্ত সংখ্যক কর্মকর্তাকে সম্পৃক্ত করতে পারবেন।

০৪। কর্মপরিধি:

- ক) নিয়োগকৃত কর্মকর্তাগণ জেলার মাননীয় সংসদ সদস্য, জেলা পরিষদের চেয়ারম্যান, জনপ্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে পরামর্শ ও প্রয়োজনীয় সমন্বয় সাধন করে COVID-19 সংক্রান্ত স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার কাজ তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করবেন;
- খ) জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন;
- গ) সমন্বয়ের মাধ্যমে প্রাপ্ত সমস্যা/চ্যালেঞ্জ অথবা অন্যবিধ বিষয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাকে লিখিত আকারে জানাবেন এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে নিয়মিত অবহিত করবেন;

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/০৭-০৬-২০২১
(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

বিতরণ :

- ১। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা;
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ময়মনসিংহ/বরিশাল/রংপুর;
৩। জেলাপ্রশাসক, (সকল)।

অনুলিপিঃসদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সিনিয়র সচিব/সচিব..... (সকল);
- ৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ;
- ৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ;
- ৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ অধিদপ্তর/খাদ্য অধিদপ্তর;
- ৬। মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৭। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৮। পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৯। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ১০।
- ১১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইট।

(মো. ওসমান গনি)

পরিচালক (প্রশাসন)

+৮৮০-২-৫৪০২৯৪৩৫

ই-মেইল: section.dir15@pmo.gov.bd